“তোমরা নিজেদের ঘরগুলোকে কবরে পরিণত করো না, আর আমার কবরকে ঈদ বা মেলায় পরিণত করো না এবং তোমরা আমার ওপর দুরূদ পড়। কারণ, তোমরা যেখানেই থাকো না কেন তোমাদের দুরূদ আমার কাছে পৌঁছে যায়।”

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমরা নিজেদের ঘরগুলোকে কবরে পরিণত করো না, আর আমার কবরকে ঈদ বা মেলায় পরিণত করো না এবং তোমরা আমার ওপর দুরূদ পড়। কারণ, তোমরা যেখানেই থাকো না কেন তোমাদের দুরূদ আমার কাছে পৌঁছে যায়।” [হাসান] [আবু দাউদ এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম ঘরগুলোকে সালাত থেকে বিছিন্ন করে কবরের ন্যায় করতে নিষেধ করেছেন, যেখানে সালাত আদায় হয় না। তিনি তাঁর কবর বারবার যিয়ারত করতে এবং কবরে মেলার ন্যায় জমায়েত হতে নিষেধ করেছেন। কেননা এটি শিরকের উসিলা। বরং তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম পৃথিবীর যেকোন প্রান্ত থেকে তাঁর উপরে দরুদ ও সালাম পড়তে নির্দেশ দিয়েছেন। কেননা দূরের হোক বা কাছের, সকলের দরুদ ও সালাম সমানভাবে তাঁর কাছে পৌঁছানো হয়। সুতরাং বারবার তাঁর কবরের কাছে যাওয়ার প্রয়োজন নেই।

http://sunnah.global/hadeeth/bn/show/3350